



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আইসিটি সেল
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd



তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৪০১.২৫.০০২.১৮.১৭

বিষয়: ৭১তম 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষক (আইসিটি সংশ্লিষ্ট) মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ পৌষ - ০৬ মাঘ ১৪৩১ বঃ/ ৩১ ডিসেম্বর ২০২৪ থেকে ২০ জানুয়ারি ২০২৫ খ্রি. পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষকগণের জন্য আয়োজিত ৭১তম 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন বিভিন্ন জেলার ০৭.০৪.২৬৬৩.৪০১.২৫.০০২.১৮.১৭ আইসিটি সংশ্লিষ্ট সহকারী শিক্ষককে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।

২. মনোনীত শিক্ষককে বর্তমান পেশায় চাকরিকাল ন্যূনতম ০২ (দুই) বছর এবং অবশ্যই ইনডেক্সধারী (MPO) হতে হবে।

৩. যিনি বিগত ০৫ (পাঁচ) বছর সময়ের মধ্যে নায়েম পরিচালিত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ অথবা ইতঃপূর্বে নায়েম-এ যেকোন সময় আইসিটি কোর্স সম্পন্ন করেছেন, তিনি উক্ত কোর্সে অংশগ্রহণের অনুমতি পাবেন না।

৪. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে জনাব মোঃ ফখরুল ইসলাম, কোর্স সমন্বয়ক, ফোন নম্বর - ০১৮১৬৬০৬০৪৩-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।

৫. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd -এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অন-লাইন রেজিস্ট্রেশন থেকে নির্ধারিত কোর্স ও ব্যাচের রেজিস্ট্রেশন ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের জন্য প্রিন্ট করা ফর্ম সংগে নিয়ে আসবেন।

৬. তাঁর প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৭. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফরসহ সমুদয় ভাতা প্রদান করা হবে। তবে থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচসহ প্রাথমিক ব্যয় সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ নিজ নিজ প্রয়োজনমত অন্যান্য আনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে (অংশগ্রহণকারীগণ সকল ভাতা প্রাপ্য হবেন)। সেজন্য, সংযুক্ত ব্যাংক হিসাবের ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।

৮. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং- মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তা. ১০-০১-৯৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

৯. মনোনীত শিক্ষককে অন-লাইনে সম্পাদিত রেজিস্ট্রেশন ফর্মের প্রিন্ট কপি, পাসপোর্ট সাইজের এক কপি ছবি, কোর্সে অংশগ্রহণের সম্মতিপত্র, এমপিও শীট, সংযুক্ত ব্যাংক ফর্ম এবং ১০ টাকা মূল্যমানের ০১টি রেডিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে

হবে।



০১-১২-২০২৪


ড. তাহমিনা বেগম
মহাপরিচালক

০২-৫৫১৬৭৫২৯ (ফোন)

০২-৫৫১৬৭৫২৮ (ফ্যাক্স)

info@naem.gov.bd

উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল।।



স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৪০১.২৫.০০২.১৮.১৭/১ (১০)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।।
- ৩। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৪। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৫। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৬। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৮। হোস্টেল সুপারিনটেনডেন্ট (সকল), নায়েম, ঢাকা।।
- ৯। ডকুমেন্টেশন অফিসার, তথ্যায়ন শাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা।।



০২-১২-২০২৪

এ কে এম শাহ আলম
প্রোগ্রামার